

রূপালী ব্যাংক লিমিটেড
উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়
ঢাকা।

সকল শাখা/আঞ্চলিক কার্যালয়/
স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা
আরবিএইচআরডিসি সহ প্রধান কার্যালয়ের
সকল বিভাগের প্রতি :

সার্কুলার নং : প্রকা/উন্নয়ন/২৭
তারিখ : ০২-১১-২০১১

বিষয়ঃ সুন্দরবনকে পৃথিবীর প্রাকৃতিক সপ্তাশ্চর্য নির্বাচনে ভোট প্রদান প্রসঙ্গে।

০১। বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ ৩০-১০-২০১১ তারিখের বিআরপিডি লেটার নং(পি-১)/৭৬০/বিবিধ/২০১১-৪১৩৭ এর মাধ্যমে সুন্দরবনকে পৃথিবীর প্রাকৃতিক সপ্তাশ্চর্য নির্বাচনে ভোট প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে।

০২। উল্লেখ্য, পর্যটন খাত আমাদের দেশের একটি অসীম সম্ভাবনাময় খাত এবং সন্দেহাতীতভাবে সুন্দরবন বাংলাদেশের একটি অন্যতম পর্যটন কেন্দ্র। ফলে জাতীয় গুরুত্ব বিবেচনায় প্রাকৃতিক সপ্তাশ্চর্য নির্বাচনে সুন্দরবনকে ভোট দিলে তা পর্যটন খাতের উন্নয়নসহ সামগ্রিকভাবে বাংলাদেশের উজ্জ্বল ভাবমূর্তি গড়ে তুলতে সহায়ক হবে।

০৩। এমতাবস্থায়, সুন্দরবনকে পৃথিবীর প্রাকৃতিক সপ্তাশ্চর্য নির্বাচনে অত্র ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীদের ভোট প্রদানের জন্য অনুরোধ জানানো হচ্ছে।

০৪। যে কোন মোবাইল ফোন থেকে এসএমএস এর মাধ্যমে ভোট প্রদান করা যাবে এবং ভোট প্রদান করার জন্য SB অথবা SUNDARBANS টাইপ করে 16333 নম্বরে পাঠিয়ে দিতে হবে। এছাড়া www.new7wonders.com ওয়েব সাইটের মাধ্যমেও ভোট প্রদান করা যাবে।

০৫। ভোট প্রদানের সর্বশেষ তারিখ- নভেম্বর ১১, ২০১১। অতএব, উক্ত তারিখের মধ্যে প্রতিদিন প্রতিজনকে অন্তত পাঁচটি করে এসএমএস করার এবং সেসাথে অন্যজনকেও ভোট প্রদানে উদ্বুদ্ধ করার জন্য অনুরোধ জানানো হলো।

(জাকিয়া সুলতানা)
সহকারী মহাব্যবস্থাপক

(আবু মোঃ ছায়েদুল ইসলাম)
বিজনেস ডেভেলপমেন্ট স্পেশালিস্ট